# সংবাদ বিজ্ঞপ্তি

## গণমাধ্যমকর্মী সাগর সরওয়ার এবং মেহেরুন রুনির হত্যায় শোক প্রকাশ ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে টিআইবি

**ঢাকা, ফেব্রুয়ারি ১২, ২০১২:** **১১** ফেব্রুয়ারি ভোররাতে সাগর সরওয়ার গণমাধ্যমকর্মী মাছরাঙ্গা টেলিভিশনের বার্তা সম্পাদক এবং এটিএন বাংলার জেষ্ঠ্য প্রতিবেদক মেহেরুন রুনি'র নির্মম হত্যাকাণ্ডে গভীর শোক প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

এই জঘন্য হত্যাকাণ্ডে শোক প্রকাশ করে টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারুজ্জামান** বলেন, "দুইজন প্রতিশ্রুতিশীল তরুণ গণমাধ্যমকর্মীর অকাল মৃত্যু আমাদের জন্য এক অপূরণীয় ক্ষতি। গণমাধ্যমকর্মীরা সমাজের বিভিন্ন অসমতা, অসঙ্গতি অন্যায়-অবিচার ও মানবাধিকার লঙ্ঘনের মত ঘটনা সকলের সামনে তুলে ধরে একটি সুন্দর সমাজ তথা সুশাসিত স্বদেশ বিণির্মানে প্রত্যয়ী হয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁদের এই ধরনের মৃত্যু একটি দেশের আইনের শাসনের নাজুকাবস্থা ও দুর্বল সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকেই নির্দেশ করে, এবং কোনোভাবেই এই মৃত্যু গ্রহণযোগ্য নয়।"

তিনি আরো বলেন, ''এই হত্যাকাণ্ড গণমাধ্যমের ওপর বড় ধরণের হুমকিস্বরূপ। এই মৃত্যু গণমাধ্যমকর্মীদের তথা জনমনে ভীতি ও হতাশার সঞ্চার করছে একইসাথে তাদের পেশাদারী মনোভাবের ক্ষেত্রেও নেতিবাচক প্রভাব সৃষ্টি করবে।''

অতি শীঘ্রই এই নৃশংস, ও বর্বরোচিত হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত সাপেক্ষে আইনানুযায়ী দোষীদেরকে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করে দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় সরকার তথা সংশ্লিষ্ট সকলের প্রতি জোর দাবি জানায় টিআইবি।

**গণমাধ্যম যোগাযোগ**

**রিজওয়ান–উল–আলম**
পরিচালক
আউটরিচ এ্যান্ড কমিউনিকেশন
ই–মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২